



জাতীয় শূদ্ধাচার কৌশল বাস্তবায়নে শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটে গত ২০ অক্টোবর ২০২০ তারিখে অংশীজনের সভা অনুষ্ঠিত হয়। সভায় শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের মহাপরিচালক জনাব আবু তাহের মো: মাসুদ রানা প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। উক্ত সভায় সভাপতিত্ব করেন ইনস্টিটিউটের রেজিস্ট্রার জনাব মো: রফিকুল ইসলাম। সভায় যুব প্রশিক্ষণ কেন্দ্রের প্রতিনিধি, উদ্যোক্তা, প্রশিক্ষার্থী, ইনস্টিটিউটের কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে উক্ত সভা অনুষ্ঠিত হয়। সভায় গত সভার বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে বিশদ আলোচনা করা হয়। উক্ত সভায় জাতীয় শূদ্ধাচার কৌশল, তথ্য অধিকার আইন ২০০৯, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, সেবা প্রদান প্রতিশ্রুতি, ডি-নথি ব্যবস্থাপনা ও বিবিধ বিষয়ে আলোচনা করা হয়। এছাড়াও সভায় উপস্থিত প্রতিনিধি ও অংশীজনরা ইনস্টিটিউটের নানাবিধ বিষয় সম্পর্কে তাদের মতামত উপস্থাপন করেন। তাদের সকলের মতামতের ভিত্তিতে সারসংক্ষেপ উপস্থাপিত হয়। সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

